

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৮

ভূমিকা পর্ব (كتاب المقدمة)

পরিচ্ছেদঃ ২. রসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম -এর হাদীসের প্রতি সম্মান প্রদর্শন এবং তার বিরুদ্ধবাদীর প্রতি কঠোর মনোভাব পোষণ।

بَابِ تَعْظِيمٍ حَدِيثِ رَسُولِ اللهِ عَلَيْ وَالتَّعْلِيظِ عَلَى مَنْ عَارَضَه

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ حَمْزَةَ، حَدَّثَنِي بُرْدُ بْنُ سِنَانٍ، عَنْ إِسْحَاقَ بْنِ قَبِيصَةَ، عَنْ أَبِيهِ، أَنَّ عُبَادَةَ بْنَ الصَّامِتِ الأَنْصَارِيَّ التَّقِيبَ، صَاحِبَ رَسُولِ اللَّهِ صَلَى الله عليه وسلم - غَزَا مَعَ مُعَاوِيَةَ أَرْضَ الرُّومِ فَنَظَرَ إِلَى النَّاسِ وَهُمْ يَتَبَايَعُونَ كِسَرَ الذَّهَبِ بِالدَّنَانِيرِ وَكِسَرَ الْفِضَّةِ بِالدَّرَاهِمِ فَقَالَ يَا أَيُّهَا النَّاسُ إِنَّكُمْ تَأْكُلُونَ الرِّبَا كِسَرَ الذَّهَبِ بِالدَّهَبِ بِالذَّهَبِ إِلاَّ مِثْلاً سَمِعْتُ رَسُولَ اللّهِ عليه وسلم - يَقُولُ " لاَ تَبْتَاعُوا الذَّهَبَ بِالذَّهَبِ إِلاَّ مِثْلاً بِمِثْلُ لاَ زِيَادَةَ بَيْنَهُمَا وَلاَ نَظِرَةً " . فَقَالَ لَهُ مُعَاوِيَةُ يَا أَبَا الْوَلِيدِ لاَ أَرَى الرِّبَا فِي هَذَا إِلاَّ مَثْلاً كَانَ مِنْ نَظِرَةٍ . فَقَالَ عُبَادَةُ أُحَدِّثُكَ عَنْ رَسُولَ اللّهِ - صلى الله عليه وسلم - وَتُحَدِّثُنِي كَانَ مِنْ نَظِرَةٍ . فَقَالَ عُبَادَةُ أُحَدِّثُكَ عَنْ رَسُولِ اللّهِ - صلى الله عليه وسلم - وَتُحَدِّثُنِي عَنْ رَأَيكَ لَئِنْ أَخْرَجُنِي اللَّهُ لاَ أُسَاكِنْكَ بِأَرْضِ لَكَ عَلَىَّ فِيهَا إِمْرَةٌ . فَلَمَّا قَفَلَ لَحِقَ عَنْ رَسُولَ اللّهِ لِي فَقَالَ لَهُ عُمَرُ بْنُ الْخَطَّابِ مَا أَقْدَمُكَ يَا أَبًا الْوَلِيدِ فَقَصَّ عَلَيْهِ الْقِصَةَ وَمَا قَالَ مَنْ مُسَاكَنَتِهِ فَقَالَ لَهُ عُمَرُ بْنُ الْخَطَّابِ مَا أَقْدَمُكَ يَا أَبًا الْوَلِيدِ فَقَصَ عَلَيْهِ الْقِصَةَ وَمَا قَالَ مِنْ مُسَاكَنَتِهِ فَقَالَ الْمَدِينَةِ فَقَالَ الْمُرَادِ إِلَى مُعُولِيةَ لاَ إِمْرَةً لَكَ عَلَيْهِ وَاحْمِلُ النَّاسَ عَلَى مَا قَالَ فَإِنَّهُ هُوَ الأَمْرُ .

বাংলা

৭/১৮। কাবীসাহ (রহঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী ও তাঁর মুখপাত্র উবাদাহ ইবনুস সামিত মুআবিয়াহ -এর সাথে রোম (বায়যান্টাইন) যুদ্ধে অংশগ্রহণ করেন। তিনি লোকেদের লক্ষ্য করলেন যে, তারা সোনার টুকরা স্বর্ণ মুদ্রার সাথে এবং রূপার টুকরা রৌপ্য মুদ্রার সাথে ক্রয়-বিক্রয় (বিনিময়) করছে। তিনি বলেন, হে লোক সকল! তোমরা তো (এরূপ বিনিময়ে) সুদ খাচ্ছো। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ তোমরা সোনার বিনিময়ে সোনা বিক্রয় করো না, তবে পরিমাণে সমান সমান হলে, বাড়তি না হলে এবং লেনদেন বাকীতে না হলে করতে পারো। তখন মুআবিয়াহ তাকে বলেন, হে



আবূল ওয়ালীদ! আমি তো এরূপ লেনদেনে সুদের কিছু দেখছি না, যদি না লেনদেন বাকীতে হয়।

উবাদাহ (রাঃ) বলেন, আমি তোমার নিকট রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর হাদীস বর্ণনা করছি। আর তুমি আমার নিকট তোমার অভিমত ব্যক্ত করছো। আল্লাহ যদি আমাকে প্রত্যাবর্তনের সুযোগ দেন তাহলে আমি এমন এলাকায় বসবাস করবো না, যেখানে আমার উপর তোমার কর্তৃত্ব চলে। অতএব তিনি (যুদ্ধ থেকে) প্রত্যাবর্তন করে মদিন্য় পোঁছলে উমার ইবনুল খাত্তাব তাকে বলেন, হে আবূল ওয়ালীদ! আপনি কেন ফিরে এসেছেন? তখন তিনি তার নিকট সমস্ত বৃত্তান্ত বর্ণনা করেন এবং সেখানে তার বসবাস না করার কথাও ব্যক্ত করেন।

উমার (রাঃ) বলেন, হে আবূল ওয়ালীদ! আপনি আপনার এলাকায় ফিরে যান। কেননা যে এলাকায় আপনি ও আপনার মত মানুষ থাকবে না সেখানে আল্লাহ গযব নাযিল করবেন। তিনি মুআবিয়াহ (রাঃ)-কে লিখে পাঠান, উবাদাহ (রাঃ)-এর উপর তোমার কোন কর্তৃত্ব চলবে না এবং তিনি যা বলেন জনসাধারণকে তদনুযায়ী পরিচালনা করো। কারণ এটাই আদেশ।

English

It was narrated from Ishag bin Qabisah from his father that: Ubadah bin Samit Al-Ansari, head of the army unit, the Companion of the Messenger of Allah (繼), went on a military campaign with Mu'awiyah in the land of the Byzantines. He saw people trading pieces of gold for Dinar and pieces of silver for Dirham. He said: "O people, you are consuming Riba (usury)! For I heard the Messenger of Allah (ﷺ) say: 'Do not sell gold for gold unless it is like for like; there should be no increase and no delay (between the two transactions)." Mu'awiyah said to him: "O Abu Walid, I do not think there is any Riba involved in this, except in cases where there is a delay." 'Ubadah said to him: "I tell you a Hadith from the Messenger of Allah (變) and you tell me your opinion! If Allah brings me back safely I will never live in a land in which you have authority over me." When he returned, he stayed in Al-Madinah, and 'Umar bin Khattab said to him: "What brought you here, O Abu Walid?" So he told him the story, and what he had said about not living in the same land as Mu'awiyah. 'Umar said: "Go back to your land, O Abu Walid, for what a bad land is the land from where you and people like you are absent." Then he wrote to Mu'awiyah and said: "You have no authority over him; make the people follow what he says, for he is right."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: মুসলিম ১৫৮৭/১-২, তিরমিয়ী ১২৪০, নাসায়ী ৪৫৬০-৬৪, ৪৫৬৬; আবূ দাউদ ৩৩৪৯,



আহমাদ ২২১৭৫, ২২২১৭, ২২২২০; দারিমী ২৫৭৯।

তাহক্বীক্ব আলবানী: সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ কাবীসাহ্ ইবনু হুল্ব (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন